

Signing ceremony of MoU for the construction of the Lalandar [Shatoot] Dam in Afghanistan

February 09, 2021

আফগানিস্তানে লালন্দার (শাতুত) বাঁধনির্মাণের জন্য সমঝোতা পত্র স্বাক্ষর অনুষ্ঠান

আফগানিস্তানে লালন্দার (শাতুত)
বাঁধনির্মাণের জন্য আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে একটি সমঝোতা পত্র স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে প্রধান মন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং আফগানিস্তানের রাষ্ট্রপতি ডঃ মহম্মদ আসরফ গানি-র উপস্থিতিতে এই সমঝোতা পত্র স্বাক্ষর করেন দুই দেশের বিদেশ মন্ত্রী ডঃ জয়শঙ্কর ও মিঃ হানিফ আতমার।

২) ভারত ও আফগানিস্তানের মধ্য তুন উন্নয়ন অংশীদারিত্বের অঙ্গ হিচক এই প্রকল্প। লালন্দার (শাতুত) বাঁধটিকে বুলশহরের নিরাপদ পানীয় জলের চাহিদা পূরণ করবে, পার্শ্ববর্তী অঞ্চলে সেচের জল সরবরাহ করবে, বর্তমান সেচ ও নিকাশী ব্যবস্থাপনায় সংস্কার সাধন সম্ভব পরকরে তুলবে, ওই অঞ্চলে বন্যা প্রতিরোধ ও পরিচালনা এবং বিদ্যুৎ সরবরাহ ক্ষেত্রে সহায়ক হবে।

৩) ২০১৬ সালের জুন মাসে ভারত-আফগানিস্তান বন্ধুত্ব পূর্ণ বাঁধের (সাল মা বাঁধ) উদ্বোধন করেছিলেন প্রধান মন্ত্রী এবং সে দেশের রাষ্ট্রপতি, তারপরে এটি আফগানিস্তানে ভারতের নির্মিত দ্বিতীয় বৃহত্তম বাঁধ। আফগানিস্তানের আর্থ-সামাজিক উন্নয়ন ক্ষেত্রে ভারতের দৃঢ় ও দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতি এবং দুই দেশের মধ্যে স্থায়ী অংশীদারিত্বের প্রতিচ্ছবি উঠে এসেছে এই লালন্দার (শাতুত) বাঁধনির্মাণের জন্য সমঝোতা পত্র স্বাক্ষরের মাধ্যমে। আফগানিস্তানের সঙ্গে উন্নয়ন সহযোগিতার অঙ্গ হিসেবে, আফগানিস্তানের ৩৪টি প্রদেশে ৪০০ রও বেশি প্রকল্পের কাজ সম্পন্ন করেছে ভারত।

৪) প্রধান মন্ত্রী তাঁর বক্তব্যে ভারত ও আফগানিস্তানের মধ্যে দীর্ঘদিনের সম্পর্কের কথা তুলে ধরেন এবং শান্তি পূর্ণ, ঐক্যবদ্ধ, স্থিতিশীল, সমৃদ্ধশালী আফগানিস্তানের জন্য ভারত সর্বদা সহায়তা প্রদান করবে বলেও আশ্বাস দেন।